West Bengal Board of Secondary Education, Nivedita Bhaban, DJ-8, Sec : II, Karunamoyee, Salt Lake, Kolkata : 700091

# নমুনা প্রশ্নপত্র
# বাংলা (দ্বিতীয় ভাষা)
# (নতুন পাঠক্রম)

**নিয়মিত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান -৯০**

**বহিরাগত পরীক্ষার্থীদের জন্য পূর্ণমান-১০০**

**১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :** **[ ১৭ × ১ = ১৭ ]**

১.১ ‘হেনকালে শঙ্খনাদ করেন শ্রীপতি’
—‘শ্রীপতি’ হলেন
(ক) ব্রহ্মা (খ) বিষ্ণু (গ) শ্রীকৃষ্ণ (ঘ) নারদ

বহু -বিকল্পীয় প্রশ্নের ক্ষেত্রে উত্তর দানের নমুনা

১.১ (খ) বিষ্ণু।

১.২ ‘লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে,’—
‘লঙ্ঘিতে হবে’ বলতে বোঝানো হয়েছে—
(ক) লাফাতে হবে। (খ) চলতে হবে। (গ) পার হতে হবে। (ঘ) দৌড়তে হবে।

১.২ (গ) পার হতে হবে।

১.৩ ‘এই সময় দায়রায় একটি খুনি মোকর্দমা উপস্থিত হইল।’— এই মোকর্দমা চলেছিল—
(ক) তিন দিন। (খ) পাঁচ দিন। (গ) দশ দিন। (ঘ) এক মাস।

১.৪ বদনবাবুর মানিব্যাগে নোট-খুচরো মিলিয়ে ছিল—
(ক) ৫০ টাকা ৩২ নয়া পয়সা। (খ) ৫২ টাকা ৩২ নয়া পয়সা।
(গ) ৫৪ টাকা ৩২ নয়া পয়সা। (ঘ) ৫৫ টাকা ৩২ পয়সা।

১.৫ কাজের মেয়ে শীলার বিয়েতে পালান মাঝির বাড়ি গেলে লেখিকাকে—
(ক) খুব ভালো আতিথেয়তা জানানো হয়েছিল।
(খ) একবার বসতেও বলা হয়নি।
(গ) দুটো ডাব খেয়ে ফিরতে হয়েছিল।
(ঘ) ওরা তাড়িয়ে দিয়েছিল।

১.৬ ‘এই মেডিকেল কলেজের ছাত্র মহাশয়ের স্বাস্থ্য অত্যন্ত অন্যায়রূপে ভালো ছিল।’ এই ‘ছাত্র মহাশয়ের’ নাম—
(ক) সীতানাথ দণ্ড। (খ) নীলকমল ঘোষাল। (গ) হেরম্ব তত্ত্বরত্ন। (ঘ) অঘোরবাবু।

১.৭ ‘বীক্ষণ’ নাটিকাটি লিখেছেন—
(ক) শম্ভু মিত্র। (খ) তৃপ্তি মিত্র। (গ) মন্মথ রায়। (ঘ) সত্যজিৎ রায়।

।

১.৮ ‘বীক্ষণ’ মানুষের—
(ক) মনের কথা বলে। (খ) দেহের অসুখের কথা বলে ।
(গ) সমাজের কথা বলে। (ঘ) মন আর সমাজের কথা বলে।

১.৯ 'মুখে আমরা বলি বটে 'সত্যমেব জয়তে', —আসলে আমরা চাই—

(ক) সত্য থেকে পালাতে। (খ) সত্য যেন কোনোদিনই প্রকাশ না পায়।
(গ) সত্য থেকে দূরে থাকতে। (ঘ) সত্যের প্রকৃত অর্থ না বুঝতে।

১.১০ কোনটি বিভক্তি চিহ্নিত করো —

(ক) টি। (খ) গুলি। (গ) এর। (ঘ) কর্তৃক।

১.১১ 'হিমাচল প্রদেশ ঢেকে আছে বরফে।' এই বাক্যে নিম্নরেখ অংশটি হল

(ক) কর্মকারকের উদাহরণ।
(খ) অধিকরণ কারকের উদাহরণ।
(গ) নিমিত্ত কারকের উদাহরণ।
(ঘ) অপাদান কারকের উদাহরণ।

১.১২ 'ভাজা যে মাছ' — সমাসের ক্ষেত্রে নিম্নরেখ অংশটি হল—

(ক) ব্যাসবাক্য বা বিগ্রহবাক্য।
(খ) সমস্ত পদ বা সমাসবদ্ধ পদ।
(গ) সমস্যমান পদ।
(ঘ) সমস্যমান সহায়ক পদ।

১.১৩ যে সমাসে পূর্বপদের অর্থই প্রধান হয় তাকে বলে—

(ক) বহুব্রীহি সমাস। (খ) কর্মধারয় সমাস।
(গ) অব্যয়ীভাব সমাস। (ঘ) তৎপুরুষ সমাস।

১.১৪ সরল বাক্যে সমাপিকা ক্রিয়া থাকে—

(ক) একটি। (খ) দুটি।
(গ) তিনটি। (ঘ) চারটি।

১.১৫ 'এ দেশের বুকে আঠারো আসুক নেমে।' —বাক্যটি হল—

(ক) নির্দেশক বাক্য। (খ) অনুজ্ঞাসূচক বাক্য।
(গ) প্রার্থনাসূচক বাক্য। (ঘ) আবেগসূচক বাক্য।

১.১৬ ভাববাচ্যে প্রাধান্য পায়—

(ক) কর্তার ভাব। (খ) ক্রিয়ার ভাব।
(গ) কর্মের ভাব। (ঘ) কর্তা আর কর্মের ভাব।

১.১৭ 'মলয় ছবি আঁকছে।'—এই বাক্যটি

(ক) সকর্মক ভাববাচ্যের উদাহরণ। (খ) অকর্মক ভাববাচ্যের উদাহরণ।
(গ) অকর্মক কর্তৃবাচ্যের উদাহরণ। (ঘ) সকর্মক কর্তৃবাচ্যের উদাহরণ।

**২. কমবেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও** **[১৯×১ = ১৯]**

**২.১ যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও :** **[৩×১=৩]**

**২.১.১** 'আঁধার রজনি তার রবে নিরন্তর।'
— কী কারণে আঁধার রজনী নিরন্তর থাকবে?

**২.১.২** 'বিপ্লবী দল/লুটে নিয়েছিল'
—বিপ্লবী দল কী লুটে নিয়েছিল?

**২.১.৩** 'কাণ্ডারি হুঁশিয়ার' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?

**২.১.৪** 'অন্য বর্ণ, / অবিনশ্বর স্বর্গ'
— মানুষ সেখানে কী করে?

**২.২ যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও :** **[৩×১=৩]**

**২.২.১** 'যে দস্যুর দণ্ডপ্রণেতা নাই তাহার দস্যুতার' নাম কী?

**২.২.২** 'পত্রপাঠ করিয়া ব্রাহ্মণের মাথায় যেন বজ্রাঘাত হইল।' —ব্রাহ্মণের মাথায় বজ্রাঘাতের কারণ কী?

**২.২.৩** 'যদি বাঁচি, তবে সেদিন যেন একবারের জন্যেও দৃষ্টি ফিরে পাই।'— বক্তা কোন দিন একবারের জন্যেও দৃষ্টি ফিরে পেতে চান?

**২.২.৪** 'উচিত শিক্ষা, আমার উচিত শিক্ষা হয়েছে।'— বক্তা এভাবে অনুতাপ করেছেন কেন?

**২.৩ যে-কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও :** **[৩×১=৩]**

**২.৩.১** বালক রবীন্দ্রনাথ কার কাছে গান শিখতেন?

**২.৩.২** 'আজ আমি তোমাদিগকে বিধাতার একটি আশ্চর্য সৃষ্টি দেখাইব।'—কোন আশ্চর্য সৃষ্টি দেখাবার কথা বলা হয়েছে?

**২.৩.৩** 'আনন্দযজ্ঞ' প্রবন্ধ রচয়িতার কাছে 'ভ্রমণ'-এর অর্থ কী?

**২.৩.৪** 'চল্লিশের নীচে কাউকে দেশের বাইরে পদার্পণ করতে দেওয়া উচিত নয়' বলে প্লেটো বিধান দিয়েছিলেন কেন?

**২.৪ যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাও :** **[২×১=২]**

**২.৪.১** 'যন্ত্রটি দিয়ে পরীক্ষা করে বিব্রত করো না বন্ধু।'— বক্তার বিব্রত বোধের কারণ কী?

**২.৪.২** 'নিউইয়র্ক হেরাল্ড'-এর খবরটা দেখেই আনন্দে আমি লাফিয়ে উঠলাম।'—'খবরটা' কী ছিল?

**২.৪.৩** 'আমি তোকে কথা দিচ্ছি তাপস,'— বক্তা তাপসকে কী কথা দিয়েছিলেন?

**২.৫ যে-কোনো ৮টি প্রশ্নের উত্তর দাও** **[৮×১=৮]**

**২.৫.১** বিভক্তি ও অনুসর্গের একটি পার্থক্য উল্লেখ করো।

**২.৫.২** <u>ছুরিতে</u> হাত কেটে গেল—নিম্নরেখ পদটির কারক ও বিভক্তি নির্দেশ করো।

২.৫.৩ জলাতঙ্ক— ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো।

২.৫.৪ 'হাতে হাতে যে যুদ্ধ = হাতাহাতি'।—এটি কোন ধরনের বহুব্রীহি সমাসের উদাহরণ?

২.৫.৬ 'ভাত দিয়ে হাত খাচ্ছে'—বাক্য নির্মাণের কোন শর্ত এক্ষেত্রে লঙ্ঘিত হয়েছে?

২.৫.৮ কর্তৃবাচ্যে পরিবর্তন করো—
সেইদিন ডাক্তারের দেখা শেষ হইল।

২.৫.৯ না-বাচক বাক্যে পরিবর্তন করো—
শুষ্ক তৃণ জলস্রোতে ভাসিয়া যায়।

২.৫.১০ 'কেবল দর্শন = দর্শনমাত্র'—এটি কোন সমাসের উদাহরণ?

**৩. প্রসঙ্গ নির্দেশ পূর্বক কমবেশি ৬০ শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :** [৪×৩=১২]

**৩.১ যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও :** [১×৩=৩]

**৩.১.১** 'লবণ-জলধি-জল করিয়া ভক্ষণ।
জলধর করিতেছে, সুধা বরিষণ।'—
উদ্ধৃতিটির নিহিতার্থ বুঝিয়ে দাও।

**৩.১.২** 'সেই ইতিহাসে/কত জেগে আছে—'
কোন ইতিহাসের কথা কবি স্মরণ করেছেন?

**৩.২ যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও :** [১×৩=৩]

**৩.২.১** 'অত ভাবছ কেন, মুখুয্যে মশায়ের কাছে গেলেই একটা উপায় হয়ে যাবে।'
—'মুখুয্যে মশায়ের' পরিচয় দাও। তিনি কী উপায় স্থির করেছিলেন? [১ + ২]

**৩.২.২** 'ছি! তুমি আবার মানুষ নাকি?'
—কথাটি কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে? বক্তার কণ্ঠে এমন অবজ্ঞা কেন?

**৩.৩ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** [১×৩=৩]

**৩.৩.১** 'যে রবিবার সকালে তিনি না আসিতেন, সে রবিবার আমার কাছে রবিবার বলিয়াই মনে হইত না।'
—'তিনি' কে? তাঁর অনুপস্থিতিতে দিনটিকে 'রবিবার বলিয়াই মনে হইত' না কেন?

**৩.৩.২** 'আমি অনেক সমুদ্রের জল পেরিয়েছি।'— কে 'সমুদ্রের জল' পেরিয়েছিলেন? কীভাবে তা সম্ভব হয়েছিল?

**৩.৪ যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** [১×৩=৩]

**৩.৪.১** 'বিংশ শতাব্দীর নবতম বিস্ময়।'
—'নবতম বিস্ময়'-টি কী? তাকে 'নবতম বিস্ময়' বলা হল কেন?

**৩.৪.২** 'আমি ভাই পালাচ্ছি।'
—কে পালাতে চায়? তার এমন ইচ্ছার কারণ কী?

**৪. কমবেশি ২০০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও :** [১×৭=৭]

৪.১ স্বাধীনতার লড়াইয়ে অংশ নেওয়ার জন্য 'কাণ্ডারি হুঁশিয়ার' কবিতায় কবি কাণ্ডারিকে কীভাবে উৎসাহিত করেছেন তা লেখো।

৪.২ রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'কৃপণ' কবিতাটির মর্মার্থ নিজের ভাষায় আলোচনা করো।

**৫. কম বেশি ২০০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও** [১×৭=৭]

**৫.১** 'সুদিন আসুক। কিন্তু তবু তার একটা গভীর দুঃখ আছে—গভীর দুঃখ।'

—বক্তা কোন্ 'সুদিন'কে আহ্বান জানিয়েছেন? তাঁর মনের গভীর দুঃখ-টি কী? [৩ + ৪]

**৫.২** 'আজ তিনি এসেছেন গঙ্গার ধারে।'

—কার কথা বলা হয়েছে? সেখানে তার যে অভিজ্ঞতা হল তা লেখো। [১ + ৬]

**৬. কমবেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** [১×৫]

**৬.১** 'ইউরোপে আমি তিন জীবনে তিনরকমের ভ্রমণ করলুম'— লেখিকার 'তিন জীবনের তিনরকমের' ভ্রমণের অভিজ্ঞতা নিজের ভাষায় বর্ণনা করো।

**৬.২** 'নানা বিদ্যার আয়োজন' রচনায় বালক রবির শিক্ষার যে আয়োজনের কথা রয়েছে তার পরিচয় দাও।

**৭. কমবেশি ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** [১×৫=৫]

**৭. ১** 'একে একে সবাই আমাকে বয়কট করছে।'— কাকে বয়কট করছে? এভাবে বয়কট করার কারণ কী? [১ + ৪]

**৭.২** 'মনোরাজ্যের গুপ্তরহস্য প্রকাশক বিস্ময়কর যন্ত্র...'।—

'বিস্ময়কর যন্ত্র'টি কী? কীভাবে সে 'মনোরাজ্যের গুপ্তরহস্য' প্রকাশ করে? [১ + ৪]

**৮. কমবেশি ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো :** [১০]

**৮.১** সংবাদপত্র পাঠের উপযোগিতা

**৮.২** পৃথিবীর উষ্ণতা বৃদ্ধি ও পরিবেশের সংকট

**৮.৩** তোমার জীবনের একটি স্মরণীয় ঘটনা

**৮.৪** বাংলার উৎসব

**৯. ইংরেজিতে অনুবাদ করো :** [৪]

এমনি করে সারা শীত দেখতে দেখতে কেটে গেল। নীচের পাহাড়ের বরফ গলতে শুরু করল। আবার সবুজ ঝোপঝাড় দেখা গেল। ন্যাড়া গাছে পাতার আর ফুলের কুঁড়ি ধরল।

**১০. কমবেশি ১২৫ শব্দে নীচের প্রশ্নটির উত্তর দাও :** [১×৪=৪]

১০.১ তোমার অঞ্চলের রাস্তা সংস্কারের জন্য প্রশাসনিক আধিকারিকের উদ্দেশে একখানি পত্র রচনা করো।

**( কেবল বহিরাগত পরীক্ষার্থীদের জন্য )**

**১১. কমবেশি ২০টি শব্দে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোনো ৪টি) :** [৪ ×১=৪]

১১.১ 'এ কেবল কৌতুকের বশে আমায় প্রবঞ্চনা'— এখানে 'প্রবঞ্চনা'-র কথা বলা হয়েছে কেন?

**১১.২** 'এবার বদনবাবু সত্যিই অবাক।'— বদনবাবুর অবাক হওয়ার কারণটি বুঝিয়ে দাও।

**১১.৩** ‘গুরুতর আঘাত লেগেছে তার মনে।’— উদ্দিষ্ট ব্যক্তির মনে ‘গুরুতর আঘাত’ লেগেছে কেন?

**১১.৪** ‘ইহাদের পথে নিতে হবে সাথে’— ‘ইহাদের’ বলতে কাদের বোঝানো হয়েছে?

**১১.৫** চোখের চিকিৎসার জন্য জয়ধর সীতারামকে কীভাবে সাহায্য করেছিল?

**১২. কমবেশি <u>৬০</u> শব্দের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** [২× ৩ = ৬]

**১২.১** ‘জগদীশ্বর এই জগৎ-সংসার ব্যাঘ্রজাতির সুখের জন্য সৃষ্টি করিয়াছে”, —ব্যাঘ্রাচার্য কীভাবে একথা ব্যাখা করেন?

**১২.২** ‘‘আমায় কিছু দাও গো’ বলে বাড়িয়ে দিলে হাত।’— কে হাত বাড়িয়ে দিলেন? বক্তা তখন কী করলেন? [১ + ২]

**১২.৩** ‘যাদের আয় পনেরো টাকা, তাদের এই বয়সই ঢের।’ —কার কথা বলা হল? এই কথার মধ্য দিয়ে বক্তার কোন মনোভাবের প্রকাশ ঘটেছে? [১ + ২]